



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/ ২৬ ২৪


তারিখ : ২৫/০২/২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রবেশপত্র নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী মাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। কেন্দ্রসচিব নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত কোনো শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস চলাকালীন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে প্রবেশপত্র গ্রহণ করার ক্ষমতা প্রদান করা যাবে না। তিনি তাঁর কেন্দ্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র ১৩/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিতরণ সম্পন্ন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোনো প্রকার ত্রুটি/কম/বেশি হলে সংশোধন করিয়ে নেওয়ার জন্য অবশ্যই ১৬/০৩/২০২৫ হতে ২৫/০৩/২০২৫ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট নিম্নলিখিত ছক অনুযায়ী আবেদন পত্র জমা দিয়ে সংশোধন করে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোনো প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন। উল্লেখ্য মতবিনিময় সভা শেষ করে প্রবেশপত্র বিতরণ কার্যক্রম শুরু হবে।

ক্রমিক	জেলার নাম	সভার তারিখ	মন্তব্য
১	ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর ও টাংগাইল	১১/০৩/২০২৫ মঙ্গলবার	
২	নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ ও কিশোরগঞ্জ	১২/০৩/২০২৫ বুধবার	

ক্রমিক	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	রেজি: নম্বর	ভুলের বিবরণ	যা হবে



প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্রসচিব

ঢাকা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২৫

কার্যার্থে:

- ১। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
- ২। অফিস কপি।